



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সাকুলার লেটার নং-২০

তারিখঃ ২৫ ভাদ্র ১৪৩২
০৯ সেপ্টেম্বর ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে
'ডিজিটাল ক্ষুদ্র ঋণ' সুবিধা প্রদানের লক্ষ্যে গঠিত পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে ০২ জুন ২০২২ তারিখের বিআরপিডি সাকুলার নং-১১, ২০ জুন ২০২২ তারিখের এফআইডি সাকুলার লেটার নং-০২ এবং ১৬ জুলাই ২০২৩ তারিখের এফআইডি সাকুলার লেটার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। অর্থনৈতিক বৈষম্য হ্রাস করে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই আর্থিক খাত উন্নয়নের লক্ষ্যে সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনকে বিবেচনায় নিয়ে আর্থিক পণ্য বা সেবা বহুমুখীকরণের লক্ষ্যে স্বল্প সুদ/মুনাফায় ডিজিটাল ক্ষুদ্র ঋণ/বিনিয়োগ প্রদানের নিমিত্ত ইতঃপূর্বে ০৩(তিন) বছর মেয়াদে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০০(একশত) কোটি টাকার একটি আবর্তনশীল (Revolving) পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। পরবর্তীতে পুনঃঅর্থায়ন তহবিলটির পরিমাণ ৫০০(পাঁচশত) কোটি টাকায় উন্নীত করা হয়। এক্ষেত্রে, তহবিলটির আকার ১০০(একশত) কোটি টাকায় পুনঃনির্ধারণ করা হলো।
- ৩। চলমান ডিজিটাল ক্ষুদ্র ঋণ কার্যক্রম অব্যাহত রাখা, আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ এবং প্রান্তিক জনগোষ্ঠীকে ডিজিটাল লেনদেনে অভ্যস্ত ও উৎসাহিত করার লক্ষ্যে উক্ত তহবিলের মেয়াদ ৩০ জুন ২০২৮ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ৪। এতদ্ব্যতীত, উল্লিখিত সাকুলার/সাকুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২।